

## উদ্ভাবন ও উদ্যোক্তাদের জন্য কর্মশালা

অনলাইন ডেস্ক

১১ ফেব্রুয়ারি ২০১৭, ২০:২২

আপডেট: ১১ ফেব্রুয়ারি ২০১৭, ২০:২৪



ইনোভেশন অ্যান্ড অন্ট্রাপ্রেনিওরশীপ ইন ডিজিটাল এজ শীর্ষক কর্মশালায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদবাংলাদেশে উদ্ভাবন ও উদ্যোক্তাদের এগিয়ে নিতে ম্যাসাচুচেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) বিশেষজ্ঞকে নিয়ে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে আজ শনিবার অনুষ্ঠিত হয়েছে একটি কর্মশালা। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল অডিটোরিয়ামে ‘ইনোভেশন অ্যান্ড অন্ট্রাপ্রেনিওরশীপ ইন ডিজিটাল এজ’ শীর্ষক এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। কর্মশালায় কি-নোট উপস্থাপন করেন এমআইটির কানেকশন সায়েন্সের ব্যবস্থাপনা পরিচালক ডেভিড এল শ্রিয়ার।

অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বলেন, ‘এমআইটি বিশ্বব্যাপী ডিজিটাল বিপ্লব ও গবেষণার অন্যতম একটি প্রতিষ্ঠান। আর্টিফিশিয়াল ইনটেলিজেন্স, ডিপ লার্নিং, বিগ ডেটা, ইন্টারনেট অব থিংসসহ অভিনব প্রযুক্তিতে এমআইটি’র গবেষণা পুরো পৃথিবীর চিত্র বদলে দিচ্ছে। সরকার ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ বিনির্মাণে অনন্য সব প্রযুক্তির সমাবেশ ঘটাতে চায়। এমআইটির সঙ্গে কার্যকর ও টেকসই অংশীদারিত্বে মাধ্যমে যৌথ গবেষণা কার্যক্রম পরিচালনা করতে আগ্রহী সরকার।’

জুনাইদ আহমেদ আরও বলেন, উদ্ভাবনে সফলতা, উদ্যোক্তা সৃষ্টি এবং ভেঞ্চার ক্যাপিটাল ইকোসিস্টেম গড়ে তুলতে সরকার ইনোভেশন ডিজাইন অ্যান্ড অন্ট্রাপ্রেনিওরশীপ একাডেমী (আইডিয়া) শীর্ষক এক প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্প গবেষণা ও উদ্ভাবনে ও স্টার্ট-আপ কালচার সৃষ্টিতে ভূমিকা রাখবে।

ডেভিড এম ডেভিড এল শ্রিয়ার বলেন, ডিজিটাল অর্থনীতির সম্মানজনক অংশীদারিত্ব নিশ্চিত করতে বাংলাদেশ সরকারের উদ্যোগ প্রশংসনীয়। বিজ্ঞপ্তি।

প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন: ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স: ৯১৩০৪৯৬, ইমেইল: [info@prothomalo.com](mailto:info@prothomalo.com)